



# বর্ধমান বিশ্ববিদ্যালয়

রাজবাড়ি, বর্ধমান

-বিজ্ঞপ্তি-

প্রজ্ঞাপন সংখ্যা-আর-সি/ইউ.জি-পার্ম/এডমি/ 2

তারিখ:- 23.07.2021

মাননীয়/মাননীয়া,

অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত কলেজ সমূহ।

## 2021-22 শিক্ষাবর্ষের স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমিস্টার ভর্তি সংক্রান্ত নিয়মাবলী।

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তর কর্তৃক জারি নির্দেশনামা নং- 706-Edn(CS)/10M/ 95/14 dated 13.07.2021 অনুযায়ী -

- 02.08.2021 থেকে ভর্তির পোর্টাল চালু ও অনলাইনে আবেদন গ্রহণ শুরু করতে হবে। আবেদনপত্রে কোনরকম ফি গ্রহণ করা যাবে না।
- 20.08.2021 তারিখে অনলাইনে আবেদন গ্রহণ শেষ করতে হবে।
- 24.08.2021 তারিখে খসড়া মেধা তালিকা প্রকাশ করতে হবে।
- 27.08.2021 তারিখে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করতে হবে।
- 01.09.2021 তারিখে ভর্তি প্রক্রিয়া শুরু করতে হবে।
- 30.09.2021 তারিখে ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে।

ভর্তির প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তরের নির্দেশিত COVID-19 Protocol মেনে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারের ক্লাস 01.10.2021 তারিখ থেকে শুরু করতে হবে। বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্রোগ্রাম/বিষয়ের নির্ধারিত Intake capacity এর বাহিরে ভর্তি করা যাবে না। এছাড়া ভর্তি সংক্রান্ত নিম্নলিখিত সকল নির্দেশাবলী অনুসরণ করতে বলা হচ্ছে:

১) মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত শতকরা নম্বরের 40% এবং উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত শতকরা নম্বরের 60% মেধা তালিকা নির্ধারণে অবশ্যই বিবেচিত হবে এবং স্নাতক স্তরে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় নির্ধারিত নিয়মাবলীসহ কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত নিয়মও প্রযোজ্য হবে। উক্ত মেধা তালিকা (with merit score) সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশ (upload) করতে হবে এবং তার একটি soft কপি [buugadmission2021@buruniv.ac.in](mailto:buugadmission2021@buruniv.ac.in) এ পাঠাতে হবে। এছাড়াও ভর্তির প্রক্রিয়া শুরুর প্রথমে প্রতিটি কলেজ তাদের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট এর URL উপরিত ই-মেইল এড্রেস এ পাঠাবে। ভর্তি ও সংরক্ষণ সংক্রান্ত রাজ্য সরকারের প্রদত্ত সকল নির্দেশনামা (G.O.) / বিজ্ঞপ্তি এক্ষেত্রে প্রযোজ্য হবে। ভর্তি চলাকালীন Covid-19 Protocol / Norms সংক্রান্ত যে সব নির্দেশনামা আসবে সেগুলি কার্যকর করতে হবে। ভর্তির জন্য মনোনীত ছাত্র/ছাত্রীকে তার নিজস্ব email / মোবাইল মারফত ভর্তির জন্য মনোনয়ন সংক্রান্ত তথ্য যথাযথভাবে জানাতে হবে।

২) আবেদনপত্র জমা দেওয়া ও ভর্তি প্রক্রিয়ার মধ্যে কোনো অবস্থায় ছাত্রছাত্রীদের কলেজে হাজিরা দিতে বলা হবে না। সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হবে অনলাইনে। ভর্তির ফি জমা দিতে হবে E-payment / কলেজ নির্ধারিত ব্যাঙ্ক- এর মাধ্যমে। কলেজ নির্ধারিত ব্যাঙ্ক ভর্তি সংক্রান্ত তথ্য জানানোর দায়িত্ব কলেজের। ভর্তি সংক্রান্ত প্রতিদিনের রিপোর্ট নির্ধারিত প্রফর্ম অনুযায়ী প্রতিটি কলেজ নিম্নলিখিত e-mail মারফত বিশ্ববিদ্যালয়কে অবশ্যই জানাবে- email : [buugadmission2021@buruniv.ac.in](mailto:buugadmission2021@buruniv.ac.in)

৩) যে সমস্ত ছাত্রছাত্রী 2018/2019/2020/2021 সালে কোনো স্বীকৃত কাউন্সিল/বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক(10+2) বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি প্রক্রিয়া অংশগ্রহণ করতে পারবে। স্বীকৃত কাউন্সিল/বোর্ড/বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ তালিকা সঙ্গে দেওয়া হলো।



৪) যে সকল ছাত্রছাত্রী স্নাতক স্তরে 2020 শিক্ষাবর্ষে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ের Registration করার পর, পরীক্ষার Form fillup করেনি, তারা যদি নিয়মানুযায়ী যোগ্য বলে বিবেচিত হয়, তবে তারা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়ম অনুযায়ী এই বিশ্ববিদ্যালয়ের অর্ন্তগত যে কোনো কলেজে Intake capacity এর মধ্যে মেধা তালিকায় স্থান পেলে যেকোনো কোর্সে পুনরায় নতুনভাবে(re-admission নয়) স্নাতকস্তরে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে। এই ক্ষেত্রে একই কলেজে তারা সর্বাধিক দুই বার ভর্তির সুযোগ পাবে। তাদের নতুন করে Registration করতে হবে না। আগের Registration- ই বহাল থাকবে। তাদের শুধুমাত্র Enrolment form পূরণ করতে হবে এবং উক্ত ছাত্র/ছাত্রীর নিকট থেকে এরূপ ভর্তির কারণের Self declaration নিতে হবে।

৫) স্নাতক স্তরে সাম্মানিক(Hons.)/জেনারেল(Genl.) কোর্স- এ প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য যে কোনো স্বীকৃত বোর্ড/ কাউন্সিল/বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক(10+2) বা সমতুল পরীক্ষায় পরিবেশবিদ্যা(Compulsory) বাদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত পাঁচটি বিষয় মেধা তালিকা তৈরিতে বিবেচিত হবে। এক্ষেত্রে পরিবেশবিদ্যা যদি Compulsory Elective-এর মধ্যে থাকে তবে সেটি Best five-এর মধ্যে গণ্য হতে পারে।

৬) স্নাতক স্তরে সাম্মানিক(Hons.) কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক(10+2) বা সমতুল পরীক্ষায় কমপক্ষে 45% নম্বর থাকতে হবে। মিউজিক এবং সাঁওতালি বিষয়ের ক্ষেত্রে কমপক্ষে 40% নম্বর থাকতে হবে এবং যে সমস্ত ছাত্র/ছাত্রী উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় সাঁওতালি বিষয় ছাড়া পাশ করেছে তারাও সাঁওতালি বিষয়ে(Hons.) কোর্সে ভর্তি হতে পারবে।

৭) Economics(Hons) কোর্সে- এ ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় Mathematics/Business Mathematics/Equivalent বিষয়ে Pass marks থাকতে হবে। Nutrition(Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক(10+2) বা সমতুল পরীক্ষায় Chemistry বিষয়ে Pass marks থাকতে হবে।

৮)ক.B.B.A (Hons)- In Tourism and Hospitality কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক(10+2) বা সমতুল পরীক্ষায় পাস করতে হবে।

খ. B.C.A.(Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় Mathematics/statistics/Computer science/Computer Application/Ituv/Business Economics & Mathematics(BEM) বিষয়ে Pass marks থাকতেই হবে এবং যে সমস্ত ছাত্রছাত্রী CBSE বোর্ড থেকে Information Practice বিষয় নিয়ে(10+2) বা সমতুল পরীক্ষায় পাশ করেছে তারাও এ বিষয়ে অনার্স কোর্সে ভর্তি হতে পারবে।

গ. B.Sc. (Hons.) in Bio-Chemistry and B.Sc. (Hons.) in Bio-Technology কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক(10+2) বা সমতুল পরীক্ষায় Physics, Chemistry & Bio science/ Mathematics বিষয়ে Pass marks থাকতে হবে।

৯) রাজ্য স্তরের খেলোয়াররা স্পোর্টস কোর্সে সাম্মানিক (Hons.) কোর্সের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে, যদি উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় 45%নম্বরসহ স্বীকৃত খেলার যথাযথ প্রমাণ পত্র থাকে। জেলাস্তরে খেলোয়াররা উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় Pass mark সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমাণপত্র থাকলে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে জেনারেল কোর্সে ভর্তি হবার জন্য বিবেচিত হবে। Hons-র এক্ষেত্রে প্রতিটি বিষয়ে একটি করে আসন এই স্পোর্টস কোর্সের জন্য বরাদ্দ থাকবে। আবেদনকারীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে এই নির্বাচন করতে হবে এবং সেই ছাত্র/ছাত্রীটির নির্দিষ্ট ক্যাটাগরি থেকে ঐ আসনটি বরাদ্দ করা হবে।

১০) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) বা সমতুল vocational Engineering & Technology(অঙ্কে Pass Marks সহ) পরীক্ষায় পাশ করেছে তারা BCA(Hons.)/BBA(Hons.)/Computer science(Hons.)/B.A. (general)/B.Sc. (general) কোর্সে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে।

১১) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) বা সমতুল পরীক্ষায় vocational agriculture নিয়ে পাস করেছে তারা B.A./B.sc.(genera) BBA(Hons.) কোর্সে ভর্তি হতে পারবে।

১২) যে সমস্ত ছাত্রছাত্রী(10+2) বা সমতুল পরীক্ষায় vocational Business & Commerce নিয়ে পাস করেছে তারা B.A./B.Com (general)/BBA(H) কোর্সে ভর্তি হতে পারবে।